২৭৭ ০২/১০/২০২২

০২/১০/২২

Bangladesh

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রণালয়
উপানুষ্ঠানিকশিক্ষাব্যুরো
২৩২/১, তেজগাঁওশিল্পএলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

**বিষয় : তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব মোঃ রিপন কবীর লস্কর
উপ-পরিচালক (প্রশাসন, অর্থ ও লজি:) ও তথ্য অধিকার আইন (RTIA) ফোকাল পয়েন্ট
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।

স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সভা কক্ষ।

তারিখ : ২৮ সেপ্টেম্বর, ২০২২খ্রি.

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা : ''পরিশিষ্ট-ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অংশীজনের অংশগ্রহণে সভার কাজ শুরু করেন। পরিচয় পর্বশেষে তিনি অংশীজনদের সাথে সভা করার উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি বলেন, আজকের যে সভা আয়োজন করা হয়েছে এটি একটি সরকারি বিশেষ আইনের বিধি বিধান সম্পর্কিত। আইনটি'র বিষয়ে আপনাদের ধারণা দেয়ার জন্য আজকের এ সভা। সভাটির বিষয়ে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র তথ্য প্রদানকারী কর্মকর্তা জনাব ফরিদা ইয়াসমিনকে বিস্তারিত আলোচনার জন্য তিনি আহবান জানান। অত:পর তথ্য প্রদানকারী কর্মকর্তা তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিষয়ে তথ্য কমিশন যে যে নির্দেশনা প্রদান করেছেন সে বিষয়গুলো তুলে ধরেন। তথ্য প্রদানকারী কর্মকর্তা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র স্বপ্রণোদিত তথ্যের তালিকা, তথ্য প্রদান করতে বাধ্য নয় এমন তালিকা এবং তথ্য পাওয়ার জন্য কিভাবে আবেদন করতে হবে সে বিষয়গুলো সভায় তুলে ধরেন।

সভায় সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু ডঃ মোছাঃ ফাহমিদা বেগম বলেন, বর্তমান সরকার অফিস পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নের জন্য অনেক উদ্যোগ গ্রহণ করেছেন, যেমন APA, শুদ্ধাচার, ই-গভর্নেন্স, ইনোভেশন, তথ্য অধিকার আইন, ২০০৯ । এ সমস্ত কার্যক্রম গ্রহণ করে প্রত্যেকটি অফিসের কার্যক্রমকে জবাবদিহিতার আওতায় আনা হয়। বাৎসরিকভাবে এ সমস্ত কার্যক্রমকে মূল্যায়ন করা হয়। কাজেই এ সমস্ত কার্যক্রমের গুরুত্ব অনেক বেশি। সহকারী পরিচালক (বাস্তবায়ন), উশিব্যু জনাব মোঃ ওয়াহিদুজ্জামান আগত অংশীজনদের নিকট জানতে চান আপনারা অন্য কোন অফিসে সেবা নেয়ার জন্য যান কি না, গিয়ে থাকলে তথ্য জানার জন্য কার কাছে যাবেন এবং একটি অফিসে গিয়ে কি করবেন সে বিষয়ে অবহিত করেন।

সভায় সহকারী পরিচালক (পরিকল্পনা), উশিব্যু জনাব মোঃ দেলোয়ার হোসেন বলেন, তথ্য অধিকার আইনে সকল প্রকাশযোগ্য তথ্য ওয়েব সাইটে দেয়া থাকে- আপনি আপনার প্রয়োজনীয় তথ্য ওয়েব সাইট থেকে নিতে পারেন, এতে আপনার সময় ও অর্থের শাশ্রয় হবে। সহকারী পরিচালক, জেউশিব্যু, ঢাকা জনাব মহাঃ সাহারুজ্জামান বলেন, এই তথ্য অধিকার আইন বিষয়ে আপনারা আগে জেনেছেন কিনা, জেনে না থাকলে তথ্য পাওয়ার নিয়মাবলী ভালভাবে জেনে নেন। আপনি আপনার বন্ধুবান্ধব, অফিস কলিগ এবং আত্মীয়-স্বজনকে বিষয়টি সম্পর্কে অবহিত করবেন। অংশগ্রহণকারীদের পক্ষ হতে মোছা. হাছনা বানু, জেলা প্রোগ্রাম ম্যানেজার বিইপি, ব্রাক জানান তথ্য অধিকার বিষয়ে আইনে হয়েছে সেটা জানতাম, কিন্তু এ সব তথ্য যে চাওয়া যাইবে না বা চাইলেই পাওয়া যাবে না তা জানা ছিল না। আজকের সভায় সেটি জেনে উপকৃত হলাম। পরিশেষে সভাপতি যে কোন অফিসের ওয়েব সাইটে ডুকে সেবা নেওয়ার অনুরোধ জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৯/22

(মোঃ রিপন কবীর লস্কর)
উপ-পরিচালক (প্রশাসন, অর্থ ও লজিস্টিকস)
ও
তথ্য অধিকার আইন (RTIA) ফোকাল পয়েন্ট
ফোন: ০২-২২২২৬৩০৭৯

স্মারক সংখ্যা-৩৮.০০.০০০০.৩০৯.২২.০০৪.২১-৫৪

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯ / ২৯ সেপ্টেম্বর ২০২২

**বিতরণ:**

১। সিস্টেম এনালিস্ট, উশিব্যু, ঢাকা(কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু, ঢাকা।
৩। সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ও লজি:/বাস্তবায়ন/প্রশিক্ষণ/পরিকল্পনা/মনিটরিং), উশিব্যু, ঢাকা।
৪। জনাব মোঃ মাহবুব আলাম, সহকারী পরিচালক (মনিটরিং) ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু।
৫। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৬। স্টোর অফিসার/সহকারী প্রোগ্রামার, উশিব্যু, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা, উশিব্যু, ঢাকা।
৮। ..........................................................................নির্বাহী পরিচালক/চেয়ারম্যান ...........
৯। অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে:**

১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), উশিব্যু, ঢাকা।
২। পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), উশিব্যু, ঢাকা।

২৯/৯/০২২

(ফরিদা ইয়াসমিন)
তথ্য প্রদানকারী কর্মকর্তা
ও
সদস্য-সচিব
তথ্য হালনাগাদকরণ কমিটি
ফোন: ০২-৪৮৮১১৯০১

পরিশিষ্ট-"ক"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

**তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা:**

স্থান: উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সভাকক্ষ।

তারিখ: ২৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রি., সময়: সকাল ১১.০০ টা।

| ক্রমিক নং | নাম, পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ জহুরুল হক<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ), উশিব্যু | 01534500727 | 28/9/22 |
| ২. | জনাব মোহাম্মদ খালেদ<br>সহকারী পরিচালক (অর্থ ও লজিস্টিকস), উশিব্যু | 01678442211 | 28/9/22 |
| ৩. | জনাব মোঃ দেলোয়ার হোসেন<br>সহকারী পরিচালক (পরিকল্পনা), উশিব্যু | 01711301757 | 28/9/22 |
| ৪. | জনাব মোঃ ওয়াহিদুজ্জামান<br>সহকারী পরিচালক (বাস্তবায়ন), উশিব্যু | 01715405146 | |
| ৫. | ডঃ মোছাঃ ফাহমিদ্দা বেগম<br>সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু | 01552457093 | 28/9/2022 |
| ৬. | জনাব মোঃ মাহবুব আলম<br>সহকারী পরিচালক (মনিটরিং), উশিব্যু | 01717636546 | 28/09/22 |
| ৭. | জনাব মহাঃ সাহারুজ্জামান<br>সহকারী পরিচালক, জেউশিব্যু, ঢাকা | 01731308230 | |
| ৮. | জনাব ফরিদা ইয়াসমিন<br>লাইব্রেরিয়ান ও তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু | 01726563636 | |
| ৯. | জনাব মোঃ আব্দুল কাইয়ুম<br>স্টোর অফিসার, উশিব্যু | [illegible] | |
| ১০. | জনাব মোঃ গোলজার হোসেন<br>সহকারী প্রোগ্রামার, উশিব্যু | 01876175026 | |
| ১১. | খোন্দকার আবু জাফর<br>প্রশাসনিক কর্মকর্তা, উশিব্যু | | — |
| ১২. | মো: হাফিজুর রহমান<br>UPM - OOSC<br>Bep - BRAC | 01725262333 | |

| ক্রমিক নং | নাম, পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৩. | খাদিজা আখতার - শিক্ষিকা<br>কড়াইল জামাইবাজার উপা:<br>প্রা: বিদ্যালয় - ০৬ | 01784444100 | Khodija |
| ১৪. | মোছা: হাছনা বানু<br>জেলা প্রোগ্রাম ম্যানেজার<br>বিইপি<br>ব্র্যাক | 01730350538<br>hasna.ba@brac.net | [signature] |
| ১৫. | মো: মাসুদ রানা<br>P.S<br>OOSC-BEP, BRAC | 01745284087 | [signature] |
| ১৬. | মোসাং নাজমা আক্তার শিক্ষিকা<br>কড়াইল বড় নৌকা ঘাট উ: প্রা:<br>বি: - ০১ | 01941274367 | [signature] |
| ১৭. | রূপা ঘোষ<br>P.S<br>OOSC - BEP - BRAC | 01764993158 | Rua |
| ১৮. | রোকসানা আক্তার - শিক্ষক<br>কড়াইল নৌকা ঘাট. | 01941274367 | রোকসানা |
| ১৯. | | | |
| ২০. | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

স্মারক সংখ্যা-৩৮.০০.০০০০.৩০৯.২২.০০৪.২১-৫৩

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯
২৬ সেপ্টেম্বর ২০২২

## সভার নোটিশ

তথ্য অধিকার বিষয়ে ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনার ১.৫.১ অনুযায়ী প্রচার কার্যক্রম হিসেবে তথ্য অধিকার আইন, ২০০৯ ও বিধিবিধান সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে এক সভা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র তথ্য অধিকার আইন (RTIA) ফোকাল পয়েন্ট জনাব মোঃ রিপন কবীর লস্কর, উপ-পরিচালক (প্রশাসন, অর্থ ও লজি:) এর সভাপতিত্বে আগামী ২৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় ব্যুরো'র সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫/৯/2022

(ফরিদা ইয়াসমিন)
লাইব্রেরিয়ান
ও
তথ্য প্রদানকারী কর্মকর্তা
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

**বিতরণ :**

১। উপ-পরিচালক (প্রশাসন, অর্থ ও লজিস্টিকস), উশিব্যু, ঢাকা।
২। সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ও লজি:/বাস্তবায়ন/প্রশিক্ষণ/পরিকল্পনা/মনিটরিং), উশিব্যু।
৩। জনাব মোঃ মাহবুব আলাম, সহকারী পরিচালক (মনিটরিং) ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু।
৪। সহকারী পরিচালক (অর্থ ও লজি:), উশিব্যু ( সভায় ২৫ জনের আপ্যায়নের অনুরোধসহ )।
৫। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
[ তাঁর এবং ০৭ (সাত) জন এনজিও নির্বাহী/প্রতিনিধি সভায় উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ ]
৬। নির্বাহী পরিচালক/চেয়ারম্যান.................................................................................।
৭। স্টোর অফিসার/সহকারী প্রোগ্রামার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৮। প্রশাসনিক কর্মকর্তা, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৯। অডিও ভিজ্যুয়াল টেকনিশিয়ান, উশিব্যু (সভার স্থিরচিত্র গ্রহণের অনুরোধসহ)।
১০। অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে :**

১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), উশিব্যু।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), উশিব্যু।